

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ঝালকাঠি সদর, ঝালকাঠি
www.sadar.jhalakhati.gov.bd

স্মারক নং-০৫.১০.৪২৪০.০০১.০১.০০৯.২৩- ২৪৯

তারিখ: ২২ আষাঢ়, ১৪৩০ ব.
০৬ জুলাই, ২০২৩ খ্রি.

বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ১৫ আগস্ট জাতীয় শোক দিবস-২০২৩ যথাযোগ্য মর্যাদায় পালন উপলক্ষে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবন ও দর্শনকে উপজীব্য করে “আমার চোখে বঙ্গবন্ধু” বিষয়ে ০১ (এক) মিনিটব্যাপী ভিডিও চিত্র তৈরী করার জাতীয় প্রতিযোগিতা আয়োজন করা হয়েছে। উক্ত প্রতিযোগিতায় ঝালকাঠি সদর উপজেলার সকল শিক্ষা প্রতিষ্ঠান (ক-গ্রুপ: প্রাথমিক ও সমপর্যায়, খ-গ্রুপ: মাধ্যমিক ও সমপর্যায়, গ-গ্রুপ: উচ্চ মাধ্যমিক ও সমপর্যায় এবং তদূর্ধ্ব পর্যায়) ছাত্র/ছাত্রীদের অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো।

প্রতিযোগিতার নিয়মাবলী:

- ভিডিওটি প্রস্তুত করে ই-মেইল/পেন ড্রাইভ/ড্রাইভ লিংকের মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার ঝালকাঠি সদর এর নিকট আগামী ১৬ জুলাই, ২০২৩ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে। এক্ষেত্রে ড্রাইভ লিংকের এক্সেস পাবলিক ভিউ থাকবে।
- ভিডিও ধারণের ক্ষেত্রে যে কোন মোবাইলফোন বা ক্যামেরা নির্বাচন করা যেতে পারে।
- ভিডিও ধারণের ক্ষেত্রে আড়াআড়িভাবে (১৬:৯) অনুপাত করতে হবে।
- ভিডিও ধারণের সময় অপ্রয়োজনীয় শব্দ (নয়েজ) বাদ দিতে হবে।
- ভিডিওটির বক্তব্য স্পষ্ট করতে হবে।
- কপিরাইট রয়েছে এমন ভিডিও বা অডিও ব্যবহার করা যাবে না।
- ভিডিওটির ব্যাপ্তিকাল ০১ (এক) মিনিট হতে হবে।
- ভিডিও সম্পাদনের সময় লক্ষ্য রাখতে হবে যেন দর্শকের দৃষ্টিকোন থেকে যথাযথভাবে ভিডিও চিত্রটি উপস্থাপন করতে হয়।
- ভিডিওটির মধ্যে প্রতিযোগিতার নাম, শ্রেণী, প্রতিষ্ঠানের নাম, উপজেলা ও জেলার নাম এবং মোবাইল নম্বর দিতে হবে।
- ভিডিও নির্মাণ সংক্রান্ত যেকোন পরামর্শ বা সহযোগিতা পেতে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে যোগাযোগ করা যেতে পারে। যোগাযোগ নম্বর: ০১৭৬০-৬৭৬৬১৮ ই-মেইল: unojhalakathi@mopa.gov.bd



সাবেকুন নাহার
উপজেলা নির্বাহী অফিসার
ঝালকাঠি সদর, ঝালকাঠি
ফোন: ০৪৯৮-৬৩৫৮১

স্মারক নং-০৫.১০.৪২৪০.০০১.০১.০০৯.২৩-

তারিখ: ২২ আষাঢ়, ১৪৩০ ব.
০৬ জুলাই, ২০২৩ খ্রি.

অনুলিপি সদয় অবগতি/কার্যার্থে প্রেরণ করা হলো:

- ০১। জেলা প্রশাসক, ঝালকাঠি
- ০২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ঝালকাঠি সদর
- ০৩। সহকারী প্রোগ্রামার, আইসিটি, ঝালকাঠি সদর
- ০৩। উপজেলা কর্মকর্তা, ঝালকাঠি সদর
- ০৮। অফিস কপি